ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি
(ISO 9001:2015 Certified)
দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।
ফোন নং- ০৮৫১-৫৭৫০০
ই মেইল নং- bbariapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০২.০০৮.২৩. ১১১৪

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
০৬ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত আগ্রহী প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্নিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকাসহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি	০১। **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (৩০/০৩/২০২৩ খ্রিঃ তারিখে)। তবে সর্বোর্চ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চাকুরী করতে পারবেন। ০২। **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/ ০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ০৩। অন্যান্য যোগ্যতাঃ (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে । প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (খ) প্রার্থীকে পাটিগনিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ,বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা থাকতে হবে। (গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একই ভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। (ঘ) নিয়োগ পদ্ধতিঃ বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষে প্যানেল প্রস্তুত করা হবে।

শর্তাবলীঃ

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ** ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট (www.pbs.brahmanbaria.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড পূর্বক স্বহস্তে পূরণ করে আগামী ৩০/০৩/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **"জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া** বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি;

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাপবিবো/পবিস এর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত সকল "অভিজ্ঞতা সনদ" যা সর্বশেষ কর্মরত পবিসের এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

০৩। অন্যান্য শর্তাবলীঃ

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে পবিসের অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

(খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ থাকতে হবে।

(গ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫ তারিখ- ১২ নভেম্বর ২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করা হবে।

(ঘ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তি ভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই ।

(ঙ) অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সর্ম্পকীয় কেউ অথবা তাঁদের স্বামী/স্ত্রী গণের রক্ত সর্ম্পকীয় কেউ আবেদন করতে পারবেন না ।

(চ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পবিস হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্তকৃত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নাই ।

(ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল প্রদান করলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের মধ্যেই বলবৎ থাকবে; যা কখনো কোনক্রমেই নিয়মিত হবেনা।

(ঝ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ, সংক্রান্ত ব্যবসা, রাজনীতি বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীনভাবে নিয়োজিত হতে বা থাকতে পারবেন না।

(ঞ) ব্রাহ্মণবাড়িয়া জেলায় স্থায়ীভাবে বসবাসকারী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ট) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

06.3.23

(মোঃ আখতার হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা ।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা-বাপবিবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস-১/২/৩/৪।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা ।
০৭। ডিজিএম (নবীনগর/আখাউড়া/কসবা/নাসিনগর/কসবা সদর) জোনাল অফিস, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
০৮। এজিএম (অর্থ-রাজস্ব/হিসাব)/ওএন্ডএম বিজয়নগর/সুলতানপুর/শিবপুর/শ্যামগ্রাম/অরুয়াইল সাব জোনাল অফিস), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
০৯। এজিএম (আইটি), ব্রাহ্মণবাড়িয়া পবিস, পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
১০। নোটিশ বোর্ড/ওয়েভ সাইট, ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১১। অফিস কপি/মাস্টার ফাইল/ওয়েবসাইট কপি।

(শারমিন চৌধুরী সুষমা)
এজিএম (মানবসম্পদ)